সমকাল

তারিখ 10 MAY 2016
পৃষ্ঠা ১৯ কলাম ২

# বৃত্তি করুণা নয় মেধার স্বীকৃতি

## — স্পিকার

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বৃত্তিকে মেধার স্বীকৃতি উল্লেখ করে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী শিক্ষার্থীদের উদ্দেশে বলেছেন, বৃত্তি তোমাদের মেধার স্বীকৃতি। এটা তোমাদের জন্য করুণা নয়। এটা সমাজের সুবিধাভোগী শ্রেণীর দায়িত্ব এবং তোমাদের অধিকার।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ড. আব্দুল্লাহ্ ফারুক সম্মেলন কক্ষে এক বৃত্তি প্রদান অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্যে স্পিকার এ কথা বলেন। এ সময় তিনি অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ব্যবসায় শিক্ষা অনুষদ এ অনুষ্ঠানের আয়োজন করে।

ড. শিরীন শারমিন চৌধুরী দেশের অসচ্ছল শিক্ষার্থীদের জন্য করপোরেট হাউসে 'শিক্ষা ঋণ' এবং 'পেইড ইন্টার্নশিপ' প্রোগ্রাম চালুর ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, স্বাস্থ্য, দারিদ্র্য বিমোচন, দুর্যোগ, কৃষির মতো শত শত ক্ষেত্র থাকা সত্ত্বেও যারা শিক্ষাকে বিনিয়োগের ক্ষেত্র হিসেবে বেছে নিয়েছেন তারা একটি অনন্য উদ্যোগ নিয়েছেন। দেশের মানবসম্পদ উন্নয়নে এগিয়ে আসার জন্য বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানিয়ে তিনি পাবলিক প্রাইভেট পার্টনারশিপের মাধ্যমে দেশের তরুণ সমাজের উন্নয়নসহ জাতীয় উন্নয়নে ভূমিকা পালনের আহ্বান জানান।

ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষা খাতের বিনিয়োগকে শ্রেষ্ঠ বিনিয়োগ ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## বৃত্তি করুণা নয়

[১৯ পৃষ্ঠার পর]

হিসেবে বর্ণনা করে বলেন, শিক্ষা ছাড়া মানবসভ্যতার উন্নয়ন সম্ভব নয়। জাতীয় বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধির আহ্বান জানান তিনি।

ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী, সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান মেজর (অব.) ডা. মো. রেজাউল হক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো. আলী ও প্রাইম ইন্স্যুরেন্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মিস মোহাম্মদী খানম।

অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৩২ জন শিক্ষার্থী ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড এবং প্রাইম ইন্স্যুরেন্স লিমিটেড বৃত্তি লাভ করেন।